দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 13 SEP 2017
পৃষ্ঠা ২ ... কলাম ... ৩

# প্রচলিত শিক্ষা ব্যবস্থায় সংস্কার আনার ওপর গুরুত্বারোপ পরিকল্পনামন্ত্রীর

**স্টাফ রিপোর্টার ॥** পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে টেকসই করতে প্রচলিত শিক্ষা ব্যবস্থায় সংস্কার আনার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেছেন, এখন দেশে যে পড়াশোনা হচ্ছে তা কয়েক বছর পর কোন কাজে লাগবে না। আমাদের তরুণ প্রজন্মকে যুগের চাহিদা মোতাবেক শিক্ষায় শিক্ষিত হতে হবে। এজন্য প্রচলিত শিক্ষা ব্যবস্থার সংস্কার করে যুগোপযোগী করতে হবে। বর্তমান সরকার শিক্ষার হার শতভাগে উন্নীত করার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। এরই ধারাবাহিকতায় ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে উন্নত বাংলাদেশ।

মঙ্গলবার রাজধানীর বিজয়নগরের একটি অভিজাত হোটেলে ১২ পৃষ্ঠার নতুন দৈনিক 'আজকের বিজনেস বাংলাদেশ' এর আত্মপ্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। দৈনিকটির সম্পাদক ও ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক মোঃ মেহেদি হাসান বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব ইউনুসুর রহমান, ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মোঃ আছাদুজ্জামান মিয়া, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) প্রো-ভিসি ডাঃ মোঃ শহীদুল্লাহ শিকদার, বাংলাদেশ হাউসবিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর